

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য অধিদপ্তর

মহাখালী, ঢাকা-১২১২।

স্বারক নং-স্বাঃ অধিঃ/হাসঃ/১০০ দিনের কর্মসূচী/২০১৯/  
বরাবর

৮৬৭২

তারিখঃ

৬/৪/২০১৭

- (১) পরিচালক  
মেডিকেল কলেজ হাসপাতাল(সকল)।
- (২) পরিচালক  
বিশেষায়িত হাসপাতাল(সকল)।
- (৩) তত্ত্বাবধায়ক  
জেলা/সদর হাসপাতাল(সকল)।
- (৪) সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক  
জেলা/সদর হাসপাতাল(সকল)।
- (৫) সিভিল সার্জন(সকল)।

বিষয়ঃ রোগী নিরাপত্তা সেল গঠন প্রসংগে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, হাসপাতালে মানসম্মত স্বাস্থ্য সেবা প্রদান এবং রোগীর নিরাপত্তা বিধান করা স্বাস্থ্য সেবা প্রদানকারীদের অন্যতম প্রধান দায়িত্ব। রোগীর নিরাপত্তা বিধানে এবং কার্যকরী যোগাযোগের মাধ্যমে সেবা প্রদানকারীদের নিরাপত্তা নিশ্চিত হতে পারে।

মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশক্রমে আপনার প্রতিষ্ঠানে কোয়ালিটি ইম্পুভেন্ট কমিটির অধীনে একটি "রোগী নিরাপত্তা সেল" গঠন করতে হবে। উক্ত সেলের সদস্য সংখ্যা ৫-৭ জন হতে পারে। এই সেল প্রতি মাসে একটি করে সভা অনুষ্ঠান করবে। কমিটিতে হাসপাতাল সেবা প্রদানকারীসহ, মাননীয় সংসদ সদস্যর প্রতিনিধি/জনপ্রতিনিধি/বিএমএ এবং অন্যান্য গন্যমান্য ব্যক্তিগণকে অর্তভূক্ত করা যেতে পারে।

#### সেলের কার্যপরিধি নিম্নরূপঃ

- (ক) চিকিৎসকের উপস্থিত নিশ্চিত করা।
- (খ) দর্শনার্থী নিয়ন্ত্রণ।
- (গ) রোগীর মানসম্মত পথ্য ও ঔষধপত্র নিশ্চিত করা।
- (ঘ) ইমারত ও যন্ত্রপাতি রক্ষাবেক্ষন নিশ্চিত করা।
- (ঙ) হাসপাতালের সার্বিক পরিচ্ছন্নতা নিশ্চিত করা।
- (চ) রোগীর বিছানার চাদর, বালিশ, কম্বল পরিষ্কার রাখা।
- (ছ) বাথরুম পরিষ্কার রাখা।
- (জ) নিরাপদ পানির ব্যবস্থা করা।

উক্ত বিষয়ে একটি কমিটি গঠন পূর্বক সভা অনুষ্ঠান করে আগামী ৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরনের জন্য অনুরোধ করা হল।

*M. A. Khan ০৮/০৪/২০১৭*  
(ডাঃ মোঃ আমিনুল হাসান)

পরিচালক, হাসপাতাল ও ক্লিনিক সমূহ

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

*N. M. Khan ০৮/০৪/২০১৭*  
(ডাঃ মোঃ আমিনুল হাসান)

প্রেরণ নং-০২-৫৫০৬৭১৫০, ফ্যাক্স: ০২-৫৫০৬৭১৫১

স্বারক নং-স্বাঃ অধিঃ/হাসঃ/১০০ দিনের কর্মসূচী/২০১৯/ *৮৬৭২/২/২(২)*

তারিখঃ *৬/৪/২০১৭*

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরন করা হল।

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃঃ আঃ সহকারী পরিচালক(সমন্বয়)।
- ২। পরিচালক(প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

*M. A. Khan ০৮/০৪/২০১৭*  
(ডাঃ মোঃ আমিনুল হাসান)

পরিচালক, হাসপাতাল ও ক্লিনিক সমূহ

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

*g.v.*